গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্‌্যম ইনস্টিটিউট
দৃশ্যসজ্জা ও রেখায়ন শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মুনজুরুল আলম<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| সভার তারিখ | ০৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ০৩.০০ টা |
| স্থান | সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। |
| উপস্থিতি | উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট ''ক''-তে দেওয়া হল। |

**''সভার অলোচ্য বিষয়সমূহ''**

০১। নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন;
০২। সক্ষমতা বৃদ্ধি;
০৩। পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এবং সোস্যাল মিডিয়ার ব্যবহার;
০৪। মাসিক সভার তারিখ নির্ধারণ; এবং
০৫। বিবিধ।

ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকল সদস্যেকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উপস্থিত সকলের অংশগ্রহণে পুঙ্খানুপুঙ্খ আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্যসুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | সেপ্টেম্বর '১৯ মাসের সভার কার্যবিবরণী প্রোগ্রামার সভায় উপস্থাপন করেন এবং বিষয়গুলো আলোচনা ও পর্যালোচনা করা হয়। | কার্যবিবরণী পাঠান্তে তা দৃঢ়ীকরণ করা হয় এবং সে অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে। | ইনোভেশন টিম |
| ২. | নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারির নিকট থেকে উদ্ভাবনী ও সেবা সহজীকরণের বিষয়ে প্রাপ্ত আইডিয়াগুলো নিয়েও আলোচনা করা হয়। | ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারির নিকট থেকে উদ্ভাবনী ও সেবা সহজীকরণের বিষয়ে প্রাপ্ত আইডিয়াগুলো যাচাই-বাছাই এর জন্য একটি কর্মশালা আয়োজন করতে হবে। | কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি |
| ৩. | সক্ষমতা বৃদ্ধি | (১)<br>এক দিনের ওরিয়েনটেশন/ কর্মশালা/ সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই-বাছাই এর জন্য কর্মশালার তারিখ মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে নির্ধারণ করতে হবে। | ইনোভেশন টিম |
| ৪. | আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরূপ একটি ইনোভেশন বক্স স্থাপন এবং অনলাইনে আইডিয়া প্রদান করার জন্য একটি অনলাইন প্লাটফর্ম স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ইনস্টিটিউটের প্রবেশ পথের ডানদিকে একটি আইডিয়া বক্স এবং অনলাইনে আইডিয়া প্রেরণের জন্য ইনস্টিটিউটের ওয়েবসাইটে একটি আইডিয়া বক্স (লিংক http://nimc.gov.bd/site/page/46a225bf-1b44-4eea-94d4-d9611f3b3ab2/Idea-Box/উদ্ভাবনী-ধারনা) স্থাপন করা হয়েছে। আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে প্রতিমাসে ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্স এবং অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করে বাস্তবায়নযোগ্য আইডিয়াসমূহ মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণসহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | পার্টনারশিপ, নেটওয়ার্কিং এবং সোস্যাল মিডিয়ার ব্যবহার | সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইল, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান / অংশীজন চিহ্নিতকরণ ও তাঁদের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং সেবায় উদ্ভাবন প্রক্রিয়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন:- ওয়েবসাইট, ফেসবুক, ইউটিউব ইত্যাদির ব্যবহার নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় ইন্টারনেটভিত্তিক গণমাধ্যম ব্যবস্থাপনা বিশেষ করে প্রতিটি পাঠ্যধারায় সোশ্যাল মিডিয়ার ব্যাপকভিত্তিক ব্যবহার এবং ডিজিটাল বাংলাদেশ কনটেন্ট অন্তর্ভূক্তকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সোস্যাল মিডিয়ার কার্যকর ব্যবহারে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমে (যেমন: ফেসবুক একাউন্টে; গ্রুপ ও পেজ, ইউটিউবে বিভিন্ন রেডিও ও টেলিভিশন অনুষ্ঠান এবং ইনস্টিটিউটের ওয়েব পোর্টালে টেন্ডার, নোটিশ, প্রশিক্ষণ কার্যক্রমসহ) নানা বিষয় প্রতিনিয়ত Upload করা হচ্ছে; যা চলমান রাখতে হবে। সভায় ইন্টারনেটভিত্তিক গণমাধ্যম ব্যবস্থাপনা বিশেষ করে ইনস্টিটিউটের প্রতিটি প্রশিক্ষণ পাঠ্যধারায় সোশ্যাল মিডিয়ার ব্যাপকভিত্তিক ব্যবহার এবং ডিজিটাল বাংলাদেশ কনটেন্ট বাধ্যতামূলকভাবে অন্তর্ভূক্তকরণের উদ্যোগ নেওয়া হয়েছে এবং এটি যাতে প্রত্যেক পাঠ্যধারায় অন্তর্ভূক্ত থাকে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে। | ইনোভেশন টিম, পরিচালক (প্রশি অনু.), পরিচালক (প্রশি: প্রকৌ:) এবং প্রোগ্রা |
| ৬. | বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন, মাসিক সভার তারিখ নির্ধারণ ও বিবিধ | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের আধুনিকায়ন ও একটি আদর্শ ট্রেনিং প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাৎসরিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন; উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে মাসিক সভার আয়োজন ও বাৎসরিক রিপোর্ট প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ইনোভেশন টিম প্রতিমাসের প্রথম সপ্তাহে মাসিক সভা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। উক্ত সভার আলোচ্য বিষয়সমূহ পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। এছাড়াও প্রতিবৎসর ৩০ জুলাই-এর মধ্যে একটি পূর্ণাঙ্গ বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ; এবং ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করতে হবে। | ইনোভেশন টিম |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৫.০৬.০০১.১৯.১৯

তারিখ: ৮ কার্তিক ১৪২৬
২৪ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপ-পরিচালক (চলতি দায়িত্ব), টিভি অনুষ্ঠান প্রশিক্ষণ শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
২) সহকারী প্রোগ্রামার, আই সি টি শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
৩) সহকারী পরিচালক (টিভি প্রকৌশল প্রশিক্ষণ), টিভি প্রকৌশল প্রশিক্ষণ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
৪) সহকারী পরিচালক, দৃশ্যসজ্জা ও রেখায়ন শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

মোহা: আব্দুস সালাম
প্রোগ্রামার (চলতি দায়িত্ব)